দৈনিক ইত্তেফাক

১২/৯/২০০৩

তারিখ ঃ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ......

## লক্ষ্মীপুরে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সভা

লক্ষ্মীপুর সংবাদদাতা ॥ গত ৩১শে আগষ্ট লক্ষ্মীপুর সদর উপ-জেলার মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের এক সভা পৌর শহীদ স্মৃতি একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। লক্ষ্মী-পুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি হোসেন হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন মাঃ রুহুল আমিন, মোহাম্মদ আলী হাওলাদার, মফিজউল্যা, আল কামাল মাহমুদ, আনোয়ার হোসেন, মাহবুবুর রহমান প্রমুখ। বক্তাগণ শিক্ষার মান উন্নয়ন, নকল প্রতিরোধ ও সাংগঠনিক বিষয়ে আলোচনা করেন। সভায় ৮ জন অবসরপ্রাপ্ত ও পরলোকগত শিক্ষকের প্রতি-নিধিদের মধ্যে ৬৬ হাজার ৫ শত টাকা অনুদান বিতরণ করা হয়।